

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৭: কোন কষ্টের কারণে মৃত্যু-কামনা করা বৈধ নয়, দ্বীনের ব্যাপারে ফিতনার আশঙ্কায় বৈধ

### আরবী

وَعَن قَيسِ بِنِ أَبِي حَازِمٍ، قَالَ: دَخَلْنَا عَلَى خَبَّابِ بِنِ الأَرْتِ رَضِي الله عنه نَعُودُهُ وَقَدِ اكْتُوَى سَبْعَ كَيَّاتٍ، فَقَالَ: إِنَّ أَصْحَابَنَا الَّذِينَ سَلَفُوا مَضَوْا، وَلَمْ تَنْقُصنْهُمُ الدُّنْيَا، وَإِنَّا أَصَبْنَا مَا لاَ نَجِدُ لَهُ مَوْضِعاً إِلاَّ التُّرَابَ وَلَولاَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَانَا أَنْ نَدْعُوَ بِالمَوْتِ لَدَعَوْتُ بِهِ . ثُمَّ أَتَيْنَاهُ مَرَّةً أُخْرَى وَهُوَ يَبْنِي حَائِطاً لَهُ، فَقَالَ: إِنَّ المُسْلِمَ لَيُؤْجَرُ فِي كُلِّ شَيْءٍ يُنْفِقُهُ إِلاَّ فِي شَيْءٍ يَجْعَلُهُ في هَذَا التُّرَابِ . متفقٌ عَلَيْهِ، وهذا لفظ رواية البخاري

#### বাংলা

৩/৫৯২। কাইস ইবনে আবী হাযেম থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা অসুস্থ খাব্বাব ইবন আরাত্ রাদিয়াল্লাহু 'আনহু-কে দেখা করতে গেলাম। সে সময় তিনি (তাঁর দেহে চিকিৎসার জন্য) সাতবার দেখেছিলেন। তিনি বললেন, 'আমাদের সাথীরা যাঁরা (পূর্বেই) মারা গেছেন তাঁরা এমতাবস্থায় চলে গেছেন যে, দুনিয়া তাদের আমলের সওয়াবে কোন রকম কমতি করতে পারেনি।

আর আমরা এমন (সম্পদ) লাভ করেছি, যা মাটি ছাড়া অন্য কোথাও রাখার জায়গা পাচ্ছি না। যদি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে মৃত্যু-কামনা করতে নিষেধ না করতেন, তাহলে (রোগ-যন্ত্রণার কারণে) আমি মৃত্যুর জন্য দো'আ করতাম।' (কাইস বলেন,) অতঃপর আমরা অন্য এক সময় তাঁর কাছে এলাম। তখন তিনি তাঁর (বাড়ির) দেওয়াল তৈরী করছিলেন। তিনি বললেন, 'মুসলিম ব্যক্তিকে তার সকল প্রকার ব্যয়ের উপর সওয়াব দান করা হয়, তবে এ মাটিতে ব্যয়কৃত জিনিস ব্যতীত।' (বুখারী) [1]

## **English**

(67) Chapter: Abomination of longing for Death

Qais bin Abu Hazim (May Allah be pleased with him) reported:



I went to visit Khabbab bin Aratt (May Allah be pleased with him) during his illness. He had been cauterized in seven places. He said: "Our companions who have died have left (this world) without having enjoyed the pleasures of the world (in order to get a great full reward in the Hereafter) while we have amassed wealth exceeding our needs for which there is no place to keep except in the earth. Had Messenger of Allah () not prohibited us from longing for death, I would have prayed for it." Then we visited him again and he was building a wall. He said: "There is a reward in store for a Muslim in respect of everything on which he spends except for something he places in the earth (i.e., something exceeding our needs or essentials)."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith forbids a believer to wish for his death as the longevity of his age suits him by all means. The longer he lives, the greater degree of progress he will make in the pursuit of virtues. And in case he infringes upon the Shari`ah rules, he may perhaps incline towards penitence. A believer should, therefore, consider his life as a boon and try his utmost to do good things.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৬৭২, ৬৩৪৯, ৬৪৩০, ৬৪৩১, ৭২৩৪, মুসলিম ২৬৮১, তিরমিয়ী ২৪৮৩, নাসায়ী ১৮২৩, আহমাদ ২০৫৫০, ২০৫৬২, ২০৫৬৭, ২০৫৭৪, ২৬৬০২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ক্লায়স ইবন আবু হাযিম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন